দৈনিক ইত্তেফাক

তারিখ 19 MAY 2015
পৃষ্ঠা ৫ কলাম ৬

# ভূমিকম্পে খুলনা বিভাগের দেড় শতাধিক প্রাথমিক বিদ্যালয় ক্ষতিগ্রস্ত

■ খুলনা অফিস

সাম্প্রতিক সময়ে কয়েক দফা ভূমিকম্পে খুলনা বিভাগের দেড় শতাধিক প্রাথমিক বিদ্যালয় ক্ষতিগ্রস্ত হয়েছে। এর মধ্যে ঝুঁকিপূর্ণ হয়ে ওঠেছে অর্ধশতাধিক বিদ্যালয়ের ভবন। শিক্ষার্থীরা ঝুঁকিপূর্ণ ভবনে ক্লাস করতে ভয় পাচ্ছে। অনেক স্থানে শ্রেণিকক্ষের বাইরে খোলা আকাশের নিচে পাঠদান চলছে। ক্ষতিগ্রস্ত ভবনগুলো যত দ্রুত সম্ভব মেরামতের দাবি জানিয়েছেন অভিভাবক, শিক্ষক ও শিক্ষার্থীরা। ভবনগুলো দ্রুত মেরামতের আশ্বাস দিয়ে বিভাগের ১১১টি ক্ষতিগ্রস্ত বিদ্যালয়ের তালিকা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে পাঠিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

প্রাথমিক শিক্ষা খুলনা বিভাগীয় উপ-পরিচালকের দপ্তর সূত্র জানায়, কয়েক দফা ভূমিকম্পে খুলনাসহ বিভাগের ১০ জেলায় ১১১টি বিদ্যালয় ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়া আরো ৫০টি বিদ্যালয় আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। এর মধ্যে ঝুঁকিপূর্ণ হয়ে ওঠেছে অর্ধশতাধিক বিদ্যালয়ের ভবন। এসব বিদ্যালয়ে নির্বিঘ্নে শিক্ষা কার্যক্রম চালিয়ে যেতে ভয় পাচ্ছেন শিক্ষকসহ শিক্ষার্থীরা।

সবচেয়ে বেশি বিদ্যালয় ক্ষতিগ্রস্ত হয়েছে কুষ্টিয়ায়। সেখানে প্রায় ৩২টি স্কুলের ভবনের দেয়াল ও ছাদে ফাটল দেখা দিয়েছে। এর পরের অবস্থানে রয়েছে সাতক্ষীরা জেলা। সাতক্ষীরা জেলার ৩০টি প্রাথমিক বিদ্যালয়ে বড় ধরনের ক্ষতি হয়েছে। সেখানকার অধিকাংশ বিদ্যালয়ের ভবনের পিলার ও দেয়ালে ফাটল দেখা দিয়েছে। নড়াইলের ১৬টি বিদ্যালয় ক্ষতি হয়েছে। এছাড়া খুলনার ৯টি বিদ্যালয়, মেহেরপুরের ৯টি, বাগেরহাটের ৭টি, চুয়াডাঙ্গায় ৪টি, ঝিনাইদহে ১টি, মাগুরায় ১টি ও যশোরের ২টি বিদ্যালয় ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত বিদ্যালয়ের মধ্যে খুলনা মহানগরীতেই রয়েছে ৬টি। এছাড়াও ডুমুরিয়া, তেরখাদা ও রূপসা উপজেলায় ১টি করে বিদ্যালয় ক্ষতির তালিকায় রয়েছে।

প্রাথমিক শিক্ষা খুলনা বিভাগীয় উপ-পরিচালক এ কে এম গোলাম মোস্তফা বলেন, ইতিমধ্যে তালিকা পাঠানো হয়েছে। যত দ্রুত সম্ভব এগুলো মেরামত করা হবে বলে মন্ত্রণালয় থেকে জানানো হয়েছে। শিক্ষার্থীরা যাতে নির্বিঘ্নে পাঠদান করতে পারে সে ব্যাপারে তারা তৎপর রয়েছেন বলে তিনি দাবি করেন।